

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ হুদায়বিয়াহর উমরাহ ৯ ٦ (عمرة الحديبية (فِيْ ذِيْ الْقَعْدَةِ سَنَةَ الْمَاكِةِ الْقَعْدَةِ سَنَة ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মুসলিমগণের (মক্কা) গমনের ঘোষণা (اِسْتِنْفَارُ الْمُسْلِمِيْنِ):

তাঁর সঙ্গে মক্কা গমনের জন্য রাসূলুল্লাহ (ﷺ) মদীনা এবং পার্শ্ববর্তী জনবহুল বিভিন্ন অঞ্চলে ঘোষণা দিলেন। কিন্তু অধিকাংশ আরবীগণ যাত্রা শুরু করার ব্যাপারে কিছুটা বিলম্ব করে ফেললেন। এদিকে রাসূলে কারীম (ﷺ) স্বীয় পোশাক পরিচ্ছদ পরিস্কার করে নিলেন। অতঃপর মদীনায় ইবনু উম্মু মাকতুম কিংবা নামীলা লাইসীকে স্বীয় স্থলাভিষিক্ত নিযুক্ত করলেন এবং কাসওয়া নামক নিজ উটের উপর আরোহণ করে ৬ঠ হিজরীর ১লা যুল কা'দাহ মক্কা অভিমুখে রওয়ানা হলেন। তাঁর সঙ্গে ছিলেন উম্মুল মু'মিনীন উম্মু সালামাহ (রাঃ), সঙ্গ নিলেন চৌদ্দশত (মতান্তরে পনের শত) সাহাবী। সফররত অবস্থায় অন্ত্র গ্রহণের নিয়মে কোষাবদ্ধ তলোয়ার ছাড়া পৃথক কোন খোলা অন্ত্রশন্ত্র সঙ্গে নেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6306

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন